

তারিখ ... 1. SEP. 2009 ...
 পৃষ্ঠা ... ১৭ ... কলাম ... ১

শিক্ষা ছুটিতে গিয়ে ফেরত না আসায় চবি'র ১১৭ শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা

প্রতিনিধি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

শিক্ষা ছুটিতে গিয়ে নির্ধারিত সময়ে ফেরত না আসা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১১৭ শিক্ষকের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. আবু ইউসুফ আলম গতকাল জানিয়েছেন, ছুটির মেয়াদ শেষ হওয়ার পরও যেসব শিক্ষক ফেরত আসেননি তাদের শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে শিক্ষক নিয়োগ দেয়া হচ্ছে। তিনি আরও জানান, গবেষণার জন্য যারা বিদেশে গিয়ে দীর্ঘদিন দেশে ফিরে আসেননি তাদের মধ্যে অনেককে ফিরিয়ে আনা হয়েছে। আরও যারা বিদেশে আছেন তাদের ফাইন বা জরিমানা করার উদ্যোগ নিয়েছে। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদ এবং ২টি ইনস্টিটিউটে বর্তমানে স্থায়ী শিক্ষকের সংখ্যা ১৬৪১ জন। এর মধ্যে চবি : পূঃ ১২ কঃ ৫০৯

চবি : শিক্ষা ছুটি (১২ পৃষ্ঠার পর)

১১৭ জনই শিক্ষা ছুটিতে আছেন বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তারা। এদিকে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক বিভাগের ৯টি তরুত্বপূর্ণ পদে স্থায়ী নিয়োগের সিদ্ধান্তও নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। অপেক্ষাকৃত জুনিয়র ডারপ্রান্ত কর্মকর্তাদের দিয়ে গত ১০ বছর ধরে চলছে এ ৯টি পদের কার্যক্রম। এর মধ্যে রেজিস্ট্রার, পরীক্ষা নিয়ন্ত্রক, হিসাব নিয়ামক, লাইব্রেরিয়ান, কলেজ পরিদর্শক এবং ৫টি পরিচালক সমন্বয়নার পদ রয়েছে।